



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিজ্ঞপ্তি নম্বর- ৪১, তারিখ : ১৯/০৩/২০১৭ খ্রি.

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়ায় ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব (প্রাইভেট) ভর্তির জন্য আবেদনকৃত শিক্ষার্থীদেরকে “শিওরক্যাশ” মোবাইল ব্যাংকিং-এ AHCNU keyword এর মাধ্যমে Student ID তে নিজের ভর্তির রোলের অনুকূলে টাকা ১,১০০/- (এক হাজার একশত মাত্র) পরিশোধ করে নিজের মোবাইলে Transaction ID পাওয়া যাবে।

সরকারি আজিজুল হক কলেজের ওয়েব সাইট- www.ahcollege.gov.bd তে প্রবেশ করে online admission-ক্লিক করে নিজের মোবাইলে প্রাপ্ত Transaction ID ও ভর্তি ফরমের Admission Roll দিয়ে প্রদর্শিত কোড Verify করে প্রাপ্ত Next-এ ক্লিক করে কলেজের ভর্তি ফরম পাওয়া যাবে। এই ফরম অনলাইনে পূরণপূর্বক প্রিন্ট নিতে হবে ও একটি ফটোকপি করতে হবে। অতঃপর প্রিন্টকৃত দু'টো ফরমই এবং ফটোকপি কলেজের ক্যাশ কাউন্টারে প্রয়োজনীয় কাগজপত্র ও ব্যবস্থাপনা ফি বাবদ ৫০/- ফিসহ জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

আবেদনের বিষয়সমূহ: বাংলা, ইংরেজী, আরবী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্র বিজ্ঞান, সমাজবিজ্ঞান, ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং, ফিন্যান্স ও ব্যাংকিং।

ভর্তির তারিখ : ২১/০৩/২০১৭ থেকে ৩০/০৩/২০১৭ ইং তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ভর্তি বন্ধ থাকবে)

সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে বেলা ০১:০০টা (ভর্তি ফরম জমা দেয়ার সময়)

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র :

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত মূল ফরম দুটির সম্পূর্ণ কপি ১টি করে;
- ২। উক্ত ফরমদুটির ফটোকপি ২টি করে, ফরমের উপরে নিজের সক্রিয় মোবাইল নম্বর লিখতে হবে এবং সদ্যতোলা পাসপোর্ট ছবি প্রতিটিতে ১ কপি করে লাগাতে হবে, (ছবির পিছনে নিজের নাম এবং জাতীয় বিশ্ববিদ্যালয় ফরমের ভর্তি রোল লিখতে হবে)
- ৩। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক (পাস/সম্মান)/সমমান পরীক্ষার পাশের মূল/সাময়িক সনদত্রের, নম্বরপত্রের, প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি ;
- ৪। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;
- ৫। স্নাতক (পাস/সম্মান)/সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি
- ৬। শিক্ষার্থীর নিজের ও পিতা-মাতা/অভিভাবকের (পিতার অবর্তমানে) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ০২ কপি।
- ৭। সার্টিফিকেট কোর্স পরীক্ষার পাশের মূল/সাময়িক সনদত্রের, নম্বরপত্রের, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি
- ৮। প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র;

** বিঃ দ্রঃ শিওরক্যাশ অর্থ ট্রানজেকশন সার্ভিস চার্জ ১৫/- (পনের) টাকা মাত্র। (শিওরক্যাশ চার্জ ব্যতীত কোন এজেন্ট অতিরিক্ত টাকা নিলে তাৎক্ষণিক অভিযোগ করুন : ০৯৬০৬০৬০৬০৭ শিওরক্যাশ কল সেন্টার)।

প্রফেসর মোঃ সামস-উল আলম (৮৪২২)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

প্রফেসর মোঃ সামস-উল আলম (৮৪২২)

অধ্যক্ষ

সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।